২১৮৫

তারিখ ... ... ... JUL 3 1 2000
পৃষ্ঠা ৩ কলাম ৫ ......

১৫৪

# ঢাবি ক্যাম্পাসে শিবির কর্মীকে মারধর

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগ নেতা-কর্মীদের হাতে গতকাল এক শিবির কর্মী প্রহৃত হয়েছে। শিবির কর্মী সগীর আহমেদ রাষ্ট্রবিজ্ঞানে মাস্টার্স এবং মুহসীন হলের আবাসিক ছাত্র।

সগীর আহমেদ গতকাল সাড়ে-বেলা ১১টায় জসিমউদ্দিন হলে যায়। হলগেটে ছাত্রলীগের হল শাখার সভাপতি জয় এবং সাধারণ সম্পাদক টুটুল তার গতিরোধ করে সন্দেহবশত ব্যাগ তল্লাশি করে। ব্যাগে শিবিরের সাংগঠনিক কাগজপত্র পেয়ে তারা সগীরকে মারতে শুরু করে।